গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
শৃঙ্খলা শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪৩.২৪-২৪৭

তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

**প্রজ্ঞাপন**

মো: দিলদার হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), বাগেরহাট বর্তমানে উপপরিচালক (পরিবার পরিকল্পনা), যশোর জনাব রমজান মোল্লা, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বাগেরহাট (বর্তমানে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, যশোরে কর্মরত) ও জনাব মোমেনা খাতুন, প্রাক্তন আয়া, হিজলা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, চিতলমারী, বাগেরহাট এর মধ্যকার চাকরি দেয়ার নাম করে আর্থিক লেনদেনের পরিপ্রেক্ষিতে উদ্ভুত পরিস্থিতি নিরসনকল্পে উভয় পক্ষের সম্মতিতে মধ্যস্থতার বিষয়ে প্রত্যয়নপত্র প্রদান করেন এবং অর্থ পরিশোধ বা লেনদেনে নিজ বিকাশ নম্বর ব্যবহার করতে দিয়েছেন;

০২। যেহেতু, তার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

০৩। যেহেতু, উক্ত অপরাধের আলোকে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রস্তাবের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১১-০৯-২০২৪ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪৩.২৪-১৯৮ নং স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং ০৬/১০/২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

০৬। যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকুরী হইতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের প্রস্তাব করে ২৩/০৪/২০২৬ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪৩.২৪-১৩৩ নং স্মারকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৭(৯) মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

০৭। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা তাঁর বিরুদ্ধে আনীত ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। জবাবে তিনি বলেন, প্রত্যয়ন প্রদান ও বিকাশ নম্বর প্রদান উভয়ই তার অনিচ্ছাকৃত ভুল ছিল। এ বিষয়ে তার কোনো ব্যক্তি স্বার্থ জড়িত ছিল না বা কোনো অসৎ উদ্দেশ্যও ছিল না। দুজন পরিচিত ব্যক্তির মধ্যে বিরোধ মীমাংসার জন্যই সরল বিশ্বাসে তিনি এই ভুল করে ছিলেন যা তার করা উচিত হয়নি। তিনি উপরোক্ত দিক সহানুভূতির সাথে বিবেচনা করে তাকে উক্ত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য বিনীত আবেদন জানান;

০৮। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মো: দিলদার হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) বাগেরহাট, বর্তমানে উপপরিচালক, যশোর-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত জবাব, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট নথি পরীক্ষা করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়। সার্বিক বিবেচনায় 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) মোতাবেক আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তাকে ০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত করার আদেশ প্রদান করা হলো। তিনি দন্ডের মেয়াদ শেষে স্থগিত সময়ের বেতন বৃদ্ধির সুযোগ প্রাপ্য হবেন না।

০৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ কামরুজ্জামান চৌধুরী)
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১৪৩.২৪-২৪৭

তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা;
২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা;
৩। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ );
৪। যুগ্মসচিব (পার-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ);
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রকাশের অনুরোধসহ);
৮। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, বাগেরহাট;
৯। জেলা হিসাবরক্ষণ অফিসার, বাগেরহাট/যশোর;
১০। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, বাগেরহাট/যশোর; এবং
১১। জনাব মো: দিলদার হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) বাগেরহাট, উপপরিচালক (পরিবার পরিকল্পনা), যশোর
১২। অফিস কপি

১৭/০৮/২৬

(মোছা: শারমীন আখতার)
উপসচিব
ফোন:৫৫১০০৯৫৬
Email: disc1@mefwd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
শৃঙ্খলা শাখা
www. mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১২৪.২৩- ২৪৮

তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, ডা. নওয়াজিস জোহাদ, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নকলা, শেরপুর (সংযুক্ত: মা ও শিশু কল্যাণ কেন্দ্র, শেরপুর), বর্তমানে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), করিমগঞ্জ, কিশোরগঞ্জ-এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয় যে, তিনি ১২/১০/২০২২ খ্রি. তারিখে উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নকলা, শেরপুর কর্মস্থলে যোগদান করেন। যোগদানের পরে ১৩/১২/২০২২ খ্রি. তারিখ থেকে তিনি কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তিনি গত ১৫/১২/২০২২ খ্রি. তারিখে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), শেরপুর-এর উপস্থিতিতে অনুষ্ঠিত জেলা পর্যায়ে এ্যাডভোকেসী ও প্রেস ব্রিফিং সভায় অংশগ্রহণ করেননি এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ১৭-২২ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখ হতে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন উপলক্ষে উপস্থিত থাকার জন্য বলা হলেও বিনানুমতিতে অনুপস্থিত ছিলেন। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, শেরপুর ১৮/১২/২০২২ তারিখে মোবাইলের মাধ্যমে খোঁজ নিয়ে জানেন যে, তিনি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, শেরপুর ২৬/১০/২০২২ তারিখে এবং সহকারী পরিচালক (সিসি) ২০/১১/২০২২ তারিখে পরিদর্শনকালীন এবং ০৭/১২/২০২২ খ্রি. তারিখে তিনি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তিনি বিনানুমতিতে স্বাধীনভাবে চলাফেরা করেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করেন। তিনি জানুয়ারি, ২০২৩ এবং মে, ২০২৩ মাসে একদিনও কর্মস্থলে উপস্থিত ছিলেন না। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, শেরপুর ২০/০৭/২০২৩ তারিখে পরিদর্শনকালে তাকে কর্মস্থলে উপস্থিত পাননি।

০২। যেহেতু, তিনি ০১ মে, ২০২৩ হতে ০৬ আগষ্ট, ২০২৩ তারিখ পর্যন্ত একটানা ৯৮ (আটানব্বই) দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। পরবর্তীতে গত ০৭.০৮.২০২৩ খ্রি. তারিখে কর্মস্থলে যোগদান করেন এবং যোগদান পত্র গৃহীত হয়। তিনি যোগদান পত্রে স্বীকার করেন ১২/১০/২০২২ খ্রি. তারিখে নকলা উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে যোগদানের পর হতে প্রতিনিয়ত অনুপস্থিত ছিলেন;

০৩। যেহেতু, তার এহেন কাযর্কলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

০৪। যেহেতু, উক্ত অপরাধের আলোকে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রস্তাবের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৪-০৬-২০২৪ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১২৪.২৩-১১৭ নং স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

০৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ১৮/০৯/২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়।

০৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

০৭। যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকুরী হইতে বরখাস্তকরণ' গুরুদন্ড আরোপের প্রস্তাব করে ২৩/০৪/২০২৪ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.১২৪.২৩-১৩৪ নং স্মারকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

০৮। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা তাঁর বিরুদ্ধে আনীত ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। জবাবে বলেন, তিনি কোনো ধরনের অসদাচরণ বা কর্মস্থল ত্যাগ করে কখনো নিরুদ্দেশ হননি। এছাড়া, তার চাকরি বিধি সম্পর্কে কোন ধরনের স্কিল ট্রেনিং না থাকায়ও কিছু ত্রুটি-বিচ্যুতি হয়েছে। প্রথম দিকে তিনি শারীরিক অসুস্থতাজনিত কারণে এবং পরবর্তী সময়ে

পারিবারিক ঝামেলার কারণে কর্মস্থলে এবং তদন্ত কমিটির সম্মুখে উপস্থিত হতে পারেননি, যা তার অনিচ্ছাকৃত ত্রুটি। তিনি তার অনিচ্ছাকৃত ত্রুটি মার্জনাপূর্বক মানবিক বিবেচনায় তাকে নিঃশর্ত ক্ষমা প্রদানের জন্য বিনীত আবেদন জানান;

০৯। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডা. নওয়াজিস জোহাদ, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নকলা, শেরপুর (সংযুক্ত: মা ও শিশু কল্যাণ কেন্দ্র, শেরপুর) বর্তমানে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), করিমগঞ্জ, কিশোরগঞ্জ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত জবাব, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট নথি পরীক্ষা করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়। সার্বিক বিবেচনায় 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) এবং ৩(গ) মোতাবেক আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তাকে ০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত করার আদেশ প্রদান করা হলো। তিনি দন্ডের মেয়াদ শেষে স্থগিত সময়ের বেতন বৃদ্ধির সুযোগ প্রাপ্য হবেন না। তার ০১/০৫/২০২৩ তারিখ হতে ০৬/০৮/২০২৩ তারিখ পর্যন্ত ৯৮ দিনের অননুমোদিত অনুপস্থিতকাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

১০। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ কামরুজ্জামান চৌধুরী)
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.১২৪.২৩-২৪৮

তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩
২৭ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা;
২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা;
৩। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ);
৪। যুগ্মসচিব (পার-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ);
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রকাশের অনুরোধসহ);
৮। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, শেরপুর;
৯। জেলা হিসাবরক্ষণ অফিসার, শেরপুর/কিশোরগঞ্জ;
১০। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, শেরপুর/ কিশোরগঞ্জ;
১১। ডা. নওয়াজিস জোহাদ, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নকলা, শেরপুর, বর্তমানে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), করিমগঞ্জ, কিশোরগঞ্জ; এবং
১২। অফিস কপি;

২৭/০৮/২০২৬

(মোছা: শারমীন আখতার)
উপসচিব
ফোন:৫৫১০০৯৫৬
Email:disc1@mefwd.gov.bd